

শপিল ... APR 1989 ...

পঠা...

১ কলাম... ১ ...

# দ্বিতীয় ইনকিউবেটর

19 APR 1989

130

## বিশ্ববিদ্যালয় বঙ্গ ঘোষণা : পরীক্ষা স্থগিত রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংঘর্ষে নিঃত ১ আহত ৫০

আরো ৫০ জন আহত হয়েছে।  
এই ঘটনার পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ  
রাখান ও গ্রীষ্ম উপলক্ষে আগামীকাল  
(বুধবার) থেকে ২১ মে পর্যন্ত  
বিশ্ববিদ্যালয় বঙ্গ ঘোষণা করেছেন।  
আগামীকাল সকাল ৯টার মধ্যে সব  
ছাত্রকে হল ত্যাগ করতে বলা হয়েছে।  
চালু সব পরীক্ষা আগামী ৪ মে পর্যন্ত  
শেষ পৃঃ ৪-এর কঃ দেখুন।

রাজশাহী বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর  
স্থগিত ঘোষণা করা হয়েছে।  
সংঘর্ষে নিঃত ছাত্রটির নাম শফিকুল  
ইসলাম (২৩) বলে জানা গেছে। সে  
গণিত বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র এবং  
জামায়াত-ই-ইসলামীর ছাত্র সংগঠন  
ইসলামী ছাত্র শিবিরের অভিযান হল  
শাখার সাধারণ সম্পাদক।

পুলিশ ও প্রত্যক্ষদলীয়ারা জানান, ছাত্র  
সংগ্রাম পরিষদ ও ইসলামী ছাত্র শিবির  
উভয় ছাত্র সংগঠনই পিস্তল, পাইপগান,  
হাতবোমা ও দেশে তৈরী মারণাত্মক  
আগ্নেয়স্ত্র নিয়ে পরস্পরের সাথে সংঘর্ষে  
লিপ্ত হয়।

আহতদের মধ্যে ৬ জনকে হাসপাতালে  
ভর্তি করা হয়েছে। এদের মধ্যে ৩ জন  
বুলেটবিন্দ হয়ে আহত হয়। হাসপাতাল  
সূত্র জানিয়েছে, আহত ছাত্র আন্দুল  
সাভার, নাসিম ও শওকতের অবস্থা  
সংকটজনক।

পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য বিশ্ববিদ্যালয়  
অঙ্গনে পুলিশ মোতায়েন করা হয়েছে।  
সেখানে এখনো উত্তেজনা বিরাজ করছে।  
এই হত্যার প্রতিবাদে ইসলামী ছাত্র শিবির  
রাজশাহী শহরে আগামীকাল (বুধবার)  
অধিদিবস হরতাল আহবান করেছে। তারা  
দোষী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি ও দায়ী  
করেছে।

এদিকে রাতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের  
ভাইস চ্যাপ্সেলর প্রফেসর আমানুল্লাহ  
আহমদের সভাপতিত্বে সিণিকেটের  
বৈঠক অনুষ্ঠিত হয়।

ভাইস চ্যাপ্সেলর এই পরিস্থিতিতে ক্ষোভ  
প্রকাশ করেছেন। তিনি বৃহত্তর জাতীয়  
স্বার্থে শিক্ষাজ্ঞনে আন্তরিক পরিবেশ বজায়  
রাখার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি বিশেষ  
করে ছাত্র সমাজের প্রতি আহবান  
জানান।